



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১১০/২২

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর গ্রেফতারী পরোয়ানাভুক্ত পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ৩০ জুন ২০২২ খ্রি: বিকাল ১৫.১৫ ঘটিকায় যশোর জেলার অভয়নগর থানাধীন নওয়াপাড়া- সুন্দলীবাজার এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর গ্রেফতারী পরোয়ানাভুক্ত পলাতক আসামীকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আসামীর নাম- মো: মেহেদী ও মেহেদী হাসান (৩০), পিতা- মো: লতিফ মুন্সি, সাং- ঠ্যাংঝাড়া (সানিয়াজান), থানা- হাতিবান্ধা, জেলা- লালমনিরহাট। গ্রেফতারকৃত মেহেদী লালমনিরহাট জেলার হাতিবান্ধা থানায় ২০১৭ সালে দায়েরকৃত সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর মামলার ওয়ারেন্টভুক্ত আসামী।

আসামী মেহেদী গত ২৯-০৮-২০১৭ খ্রি: তারিখ রাত্রি ০১:১০ ঘটিকার সময় লালমনিরহাট জেলার হাতিবান্ধা থানাধীন টংভাঙ্গা এলাকায় নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর কতিপয় সক্রিয় সদস্যদের নিয়ে সরকার ও রাষ্ট্রবিরোধী এবং নাশকতামূলক কার্যক্রমের উদ্দেশ্যে গোপন বৈঠক করাকালীন সময়ে স্থানীয় ডিবি পুলিশ অভিযান পরিচালনা করিলে কৌশলে ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয় এবং দীর্ঘ ০৫ বছর যাবৎ যশোরসহ দেশের বিভিন্ন স্থানে আত্মগোপন করে ছিল। বগুড়া, যশোর ও লালমনিরহাটের বিভিন্ন স্থানে জঙ্গি তৎপরতা ও পরিকল্পনায় তার উপস্থিতি ও অংশগ্রহণের প্রমাণ পাওয়া গেছে। গ্রেফতারকৃত আসামীর নিকট থেকে একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।



০১/০৭/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd